

২০২৩

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমিস্টার

পত্র : DSE-B-1 and DSE-B-2

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

পত্র : DSE-B-1

(বাংলা শিশু-কিশোর সাহিত্য)

পূর্ণমান - ৬৫

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

১। (ক) রূপকথার চরিত্র হিসাবে 'ক্ষীরের পুতুলের' বানর চরিত্রটির পরিচয় দাও। ১০

অথবা,

(খ) 'ঠাকুরমার ঝুলি'-র পাঠ্য কথাগুলিতে সাধারণ মানুষের উপস্থিতি কতখানি তাৎপর্যপূর্ণ তা আলোচনা করো। ১০

২। (ক) আবোল-তাবোল গ্রন্থের 'সংপাত্র'-র পরিচয়ের অন্তরালে কীভাবে সমাজ-জীবনের ছবি মূর্ত হয়ে উঠেছে তা লেখো। ১০

অথবা,

(খ) পাঠ্য ছড়াগুলি অবলম্বনে অনন্যদাশঙ্কর রায়ের সমাজবোধের পরিচয় দাও। ১০

৩। (ক) 'বাদশাহী আংটি' উপন্যাসে রহস্য-রোমাঞ্চের বাতাবরণ সৃষ্টিতে লেখকের দক্ষতা বিচার করো। ১০

অথবা,

(খ) "এ মৃত্যু একটা সবুজ সজীব সভ্যতার।" — বুড়ো রাজার মৃত্যু প্রসঙ্গে সমালোচকের এই মন্তব্যের যথার্থ্য বিশ্লেষণ করো। ১০

৪। (ক) ক্ষুধার্ত ষষ্ঠী ঠাকুরগুণের উদরপূর্তির উপায় প্রসঙ্গে লেখো। ৫

অথবা,

(খ) কিরণমালা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৫। (ক) 'গন্ধ বিচার' কবিতাটিতে সাধারণ মানুষের মরণজয়ী সংগ্রামের পরিচয় দাও।

৫

অথবা,

(খ) ছেলে ভুলানো ছড়া হিসাবে 'ঢাকাই ছড়া' কতটা সার্থক?

৫

৬। (ক) পিয়ারীলালের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

অথবা,

(খ) সমুদ্র প্লেন চড়ার অভিজ্ঞতা কেমন ছিল লেখো।

৫

৭। টীকা লেখো (যেকোনো একটি)।

৫×১

(ক) সুয়োরানি

(খ) একুশে আইন

(গ) ভুলভুলাইয়া।

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) স্কীরের পুতুলের কানদুটি যশী ঠাকুরের কাদের দিয়েছিলেন?

(খ) কারা হীরে দিয়ে দাঁত ঘসে?

(গ) ছোটরানির পরিণতি কী হয়েছিল?

(ঘ) কে, কার সাহায্যে বড়োরানির নতুন মহল সাজালেন?

(ঙ) 'ঠাকুরমার ঝুলি'-র একটি পুরুষ চরিত্রের নাম লেখো।

(চ) শ্যাওড়া গাছ দুখুকে কী দিয়েছিল?

(ছ) পেঁচার মতন মুখের গঠন কার?

(জ) দাঁত নড়ার মাশুল কত?

(ঝ) মামা থাকলে কী কত?

(ঞ) টিক্কা খান কে?

(ট) কত খ্রিস্টাব্দে 'লন্ডনের শীত' মুদ্রিত হয়?

(ঠ) ফেলুদার 'ব্রহ্মাস্ত্র'-র নাম কী?

(ড) তোপসের কাছে প্রকৃত বাদশা কে?

(ঢ) 'বাদশাহী আংটি'-র মুদ্রিত গ্রন্থের ছবিগুলি কে আঁকেন?

(ণ) সমুদ্রের প্লেনের পাইলটের নাম কী?

পত্র : DSE-B-2

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে সাতচল্লিশের দেশভাগের যে বেদনামাখা ছবি ফুটে উঠেছে, সে সম্পর্কে আলোচনা করো। ১০  
অথবা, MURALIDHAR GIRLS' COLLEGE LIBRARY
- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের মণীন্দ্রনাথ চরিত্রটির পরিচয় দাও। ১০
- ২। (ক) মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'ছেলেমানুষি' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০  
অথবা,
- (খ) রমাপদ চৌধুরীর লেখা 'করণকন্যা' গল্পের অরুক্ষতী চরিত্রটির করুণ পরিণতির সূত্রে দেশভাগের ভয়াবহতা সম্পর্কে আলোচনা করো। ১০
- ৩। (ক) অন্নদাশঙ্কর রায়ের 'খুকু ও খোকা' কবিতাটিতে ছোটদের ছড়ার আঙ্গিক ব্যবহার করে কবি বড়দের দাঁড় করিয়েছেন তীক্ষ্ণ প্রশ্নের সামনে।— মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০  
অথবা,
- (খ) মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের লেখা 'বাংলা, হায় বাংলা' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করে নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ৪। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে জোটন চরিত্রটির গুরুত্ব বিচার করো। ৫  
অথবা,
- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে হিন্দু-মুসলমান সৌহার্দ্যের যে-চিত্র ধরা পড়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫
- ৫। (ক) 'রাজা আসে রাজা যায়' গল্পে প্রফুল্ল রায় তোরাব আলি চরিত্রটিকে কীভাবে বিশ্বাসযোগ্য করে তুলতে পেরেছেন, সে সম্পর্কে আলোচনা করো। ৫  
অথবা,
- (খ) দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'জটায়ু' গল্প অবলম্বনে দুর্গা চরিত্রটি বিশ্লেষণ করো। ৫

Please Turn Over

- ৬। (ক) “তবু এল স্বাধীনতা দিন  
উজ্জ্বল রঙিন  
প্রাণের আবেগে অস্থির—  
ডাক দেয় মাতা পদ্মা, পিতা সিন্ধু-তীর—”  
— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা,

- (খ) “দুয়ারে খিল টান দিয়ে তাই খুলে দিলাম জানলা” — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

- ৭। যে-কোনো একটি বিষয় অবলম্বনে টীকা লেখো।

- (ক) ভূপেন্দ্রনাথ  
(খ) ড্রেসিং টেবিল  
(গ) ধাত্রী।

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY

- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

- (ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?  
(খ) ধলাকর্তার প্রকৃত নাম কী?  
(গ) জোটন কটি সন্তানের জননী?  
(ঘ) “কি উল্লাস, কি উল্লাস!” — কার কথা বলা হয়েছে?  
(ঙ) “না, তীর্থযাত্রী নয়।” — কাদের সম্পর্কে বলা হয়েছে?  
(চ) ‘জটায়ু’ গল্পের প্রধান পুরুষ চরিত্রের নাম কী?  
(ছ) রাজেক কোন্ গল্পের চরিত্র?  
(জ) “এ সব কী কাণ্ড বৌমা?” — কার উক্তি?  
(ঝ) মুনিমজী কোন্ গল্পের চরিত্র?  
(ঞ) ‘পালঙ্ক’ গল্পে পাশের গাঁয়ের মোল্লাদের বাড়িতে অভিনীত শখের থিয়েটারের নাম কী?  
(ট) “মাঝখানে নাক উঁচিয়ে আছে” — কোন্ কবিতার অংশ?  
(ঠ) “এর নাম কি জীবনযাপন” — কোন্ কবিতার অংশ?  
(ড) ‘ধাত্রী’ কবিতায় ধাইমা কবির চোখে কী দিয়েছিলেন?  
(ঢ) ‘জল দাও’ কবিতায় রাত্রির নক্ষত্রকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?  
(ণ) ‘ভাষাদেশ’ কবিতাটি কার লেখা?